



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০৮১-৭০০৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র:বি/২০০৯/

তারিখ: ২৫/০৪/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবির 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) নিজস্ব পদ্ধতিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে।

আজ শুক্রবার (২৫ এপ্রিল) বিকাল ৪টা থেকে পরীক্ষা শুরু হয়ে ৫টায় শেষ হয়। কুমিল্লা বিশ্ববিদ্যালয়সহ মোট ১৭টি কেন্দ্রে (কোটবাড়ী এলাকায় ১০টি এবং শহরে ৭টি) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

কেন্দ্র পরিদর্শন শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, 'স্বতন্ত্র ভর্তি পরীক্ষা আমাদের জন্য একটা চ্যালেঞ্জ ছিল। আমরা যদি পরের বার এ ভাবেই স্বতন্ত্র ভর্তি পরীক্ষা নেই, তবে চট্টগ্রাম ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার কেন্দ্র হিসেবে পরিকল্পনা রয়েছে। গত পরীক্ষায় রাতের বেলায় অনেক ছিনতাইয়ের ঘটনা শুনতে পেরেছি, এইবার আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছি এবং শিক্ষার্থীরাও যথেষ্ট সাহায্য করেছেন। আমরা পুলিশ - প্রশাসনের যথেষ্ট সহযোগিতা পেয়েছি এবং শহরের বিভিন্ন জায়গায় নিরাপত্তার ব্যবস্থা জোরদার করা হয়েছে। আমাদের প্রত্যেকেই নিজ নিজ দায়িত্বের প্রতি আন্তরিক। শিক্ষক-শিক্ষার্থী, প্রক্টরিয়াল বডি, কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা বাহিনী, বিএনসিসি, রোভার স্কাউট, সাংবাদিকসহ সংশ্লিষ্ট সবাইকে তিনি ধন্যবাদ জানান।

মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, 'আমরা এর আগেও সফলভাবে পরীক্ষা পরিচালনা করেছি, এদিক থেকে আমাদের অভিজ্ঞতা রয়েছে। আমরা সে অভিজ্ঞতাকে এ বছরও এগলাই করেছি। প্রত্যাশা করছি সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা সম্পন্ন হবে।'

মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান বলেন, 'আজকে 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষার মাধ্যমে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার কার্যক্রম সমাপ্তির দিকে এগোচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মধ্যে আমরা উচ্ছ্বাস দেখতে পারছি। বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষক-শিক্ষার্থী, বিএনসিসি, রোভার স্কাউট, সাংবাদিকসহ অন্যান্য সকল সংগঠনগুলো কাজ করে যাচ্ছে। গতকাল থেকেই ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা ক্যাম্পাসে প্রবেশ করছেন। পরীক্ষা কার্যক্রম যাতে সুন্দর হয়, সে লক্ষ্যে আইনশৃঙ্খলা বাহিনীও তৎপর। আজকের পরীক্ষা শেষ হওয়ার মাধ্যমে কুমিল্লা বিশ্ববিদ্যালয় তার স্বতন্ত্র ভর্তি কার্যক্রম সুন্দরভাবে সম্পাদন করতে পারবে বলে আমি আশা করি।'

উল্লেখ্য, 'বি' ইউনিটে মোট পরীক্ষার্থী ছিল ২৩ হাজার ৭৯৩ জন। তারমধ্যে উপস্থিত ছিল ১৬ হাজার ৭৫৮ জন। উপস্থিতির হার ৭০.৪৩ শতাংশ।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি